মানুষকে ভালবাসি? ইহা কি সব সময় সম্ভব?

### ঈশ্বরকে সন্তুষ্ট করা

ঈশ্বরকে সন্তুষ্ট করা বলতে কি বুঝায় যখন আমরা খেলে থাকি? আদিপুস্তক দুই অধ্যায়ে দুইটি খুব গুরুত্বপূর্ণ নীতি কথা উল্লেখ করেছে, যা আমাদের অবশ্যই প্রয়োগ করা উচিত। আমরা দেখেছি যে প্রথমটি হলো কিভাবে আমরা আমাদের মেধা ব্যবহার করি; দ্বিতীয়টি এবং সহায়তাকারী নীতি হলো, কিভাবে আমরা আমাদের সম্পর্ক উন্নয়ন করি। আমরা পরবর্তী চারটি অধ্যায়ে দেখবো আমাদের সম্পর্কের মধ্যে ঈশ্বরের সন্তুষ্টি বিবেচনা করা।

আদিপুস্তক ১:২৬ পদ এটা স্পষ্ট করে যে আমরা ঈশ্বর কর্তৃক সৃষ্ট যিনি সম্পর্ক তৈরী করেনঃ

আইস আমরা আমাদের প্রতিমূর্তিতে, আমাদের সাদৃশ্যে মানুষ্য নির্মাণ করি।

আমরা বাইবেল থেকে শিখেছি যে ঈশ্বর হলো ত্রিত্ব: পিতা, পুত্র এবং পবিত্র আত্মা। এটা কি তুমি কখনও মনে করেছ যে ঈশ্বর কখনও একা হননি? ঈশ্বর একজন সম্পর্কশীল এবং ভালবাসার ঈশ্বর। মানুষ তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট হয়েছে এবং এর মানে সেও সম্পর্কশীল জীবন যাপন করবে।

এই জন্য "একাকী" থাকা মানুষের জন্য "ভাল নয়"। আমাদের প্রয়োজন ভালবাসা পাওয়া এবং ভালবাসা দেওয়া।

সদাপ্রভু ঈশ্বর কহিলেন, "মনুষ্যের একাকী থাকা ভাল নয়, আমি তাহার জন্য তাহার অনুরূপ সহকারিণী নির্মাণ করি।"

আদিপুস্তক ২:১৮ পদ



আদিপুস্তক ২ অধ্যায়ের মূলপ্রতিপাদ্য হলো একজন পুরুষ একজন নারীকে বিবাহ করা, সবচেয়ে মূল বিষয় হলো ভালবাসার সম্পর্ক। যাহোক, আমাদের প্রয়োজনীয় সাহায্য এবং সুস্থ সম্পর্কের নীতি সমগ্র মানুষ জাতির মধ্যে সম্প্রসারিত করে। পরিবারগুলো এবং বন্ধুবান্ধব সমূহের মধ্যে এবং তা হতে ক্রীড়াঙ্গনের সবার মধ্যে বিস্তৃত করা। আমাদের ঈশ্বরের প্রতিমূর্তি প্রদর্শন এবং প্রচার করতে হবে এবং আমরা যা কিছু করি সবার মধ্যে প্রকাশ করতে হবে। আমাদের যেমন ক্রীড়া ব্যক্তিত্ব হিসাবে এবং ক্রীড়ার সবাইকে অবশ্যই যুক্ত করতে হবে।

প্রতিবেশীকে নিজের মত ভালবাসা এবং অন্যের সাথে তেমন আচরণ করা যেমন তুমি তাদের কাছে চাও তাহলে প্রতিযোগীমূলক ক্রীড়ার উত্তপ্ত পাত্র স্বরূপ, আর এটাই মূল ধারণা। পরবর্তী চারটি অধ্যায়ে আমরা দেখব প্রতিবেশী হতে আমাদের দলের সদস্যদের আমাদের প্রতিদ্বন্দ্বী এবং কর্মকর্তা পর্যন্ত্য ভালবাসার আচরণ কিভাবে প্রয়োগ করা যায়।





## চিন্তা

**যখন যীশু তার অনুসারীদের বলেছিলেন, তাদের শত্রুকে ভালবাসতে, এটা ছিল একটি সত্যই মূল ধারণা। যীশুর আদেশ আমাদের প্রতিবেশী হতে ক্রীড়াজগতের সবাইকে ভালবাসা খুব সহজ কাজ হবে না।**

## আলোচনা

**যদি ইউজিন মন্টি তার অক্ষ খিল ব্রিটিশ দলকে না দিত। কেউ কি তাকে দোষ দিত? তুমি কি করতে?**

## কাজ

**তোমাকে নিয়মিত জিজ্ঞাসা কর যখন তুমি প্রতিযোগী হও "আমি কি এখন যেভাবে খেলছি তার মাধ্যমে ভাল সম্পর্ক তৈরী করছি?"**



# ৯ সকলে একজনের জন্য

*"প্রেম নিষ্কপট হউক।"*

**রোমীয় ১২:৯-১৩ পদ (৯ পদের প্রথম অংশ)**

ইডেনবার্গ ইউনিভার্সিটির এক ছাত্র রাগবী ফার্ষ্ট টিমের একজন নিয়মিত সদস্য ছিল কিন্তু সে বাদ পড়ল। পরবর্তী খেলার ঠিক পূর্বে রেফারী বললেন যে তার জায়গায় যে, খেলোয়াড়টিকে নেয়া হয়েছে তার বুটে অবৈধ মোটা মাথার পেরেক রয়েছে। সে জিজ্ঞাসা করল যদি কারও আলাদা পেরেক থাকে। ঘটনাটি ঘটল যে খেলোয়াড়কে বাদ দেয়া হয়েছিল তার কিট ব্যাগে অতিরিক্ত পেরেক ছিল। কিছু মুহুর্তের জন্য সে ইতস্তত করতে লাগল এই ভেবে যে যদি সে নীরব থাকে এবং কেউ যদি না জানে যে তার কাছে অতিরিক্ত পেরেক ছিল তাহলে হয়তো তার আবার তার জায়গায় ফিরে আসার সুযোগ থাকবে। তার পর সে বলল "আমার কাছে অতিরিক্ত পেরেক আছে " এবং সেগুলো দিয়ে দিল।

একজন সাবেক ক্রীড়া ব্যক্তিত্বকে জিজ্ঞাসা করুন অতীতে খেলার দিনগুলোর কোন বিষয়ে তারা অভাব অনুভব করে এবং উত্তর হতে পারে হালকা হাস্যরঙ্গ সৃষ্টি করবে, সহকর্মীদের মধ্যে পরস্পর বন্ধুত্ব। কয়েক বছরের অধিক সময় ধরে একটি দলের অংশ হিসাবে সফলতা এবং ব্যর্থতা আলোচনা করা হলে লোকজনের মধ্যে অল্প হলেও একটি বন্ধন তৈরী করে। তুমি একসঙ্গে জড়িয়ে আছো জয় এবং পরাজয়ের তাৎক্ষণিক অনুভূতির কারণের সাথে। তুমি প্রতিদ্বন্দ্বীতার চাহিদার কারণে